

“শতবর্ষে জাতির পিতা, সুবর্ণে স্বাধীনতা
অভিবাসনে আনবো মর্যাদা ও নৈতিকতা”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৮৯/২, কাকরাইল, ঢাকা।
প্রশাসন শাখা
www.bmet.gov.bd



নভেম্বর/২০২২ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভার সভাপতি : জনাব মোঃ শহীদুল আলম এনডিসি (অতিরিক্ত সচিব)
মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
তারিখ : ১৪/১১/২০২২ খ্রিঃ, সকাল ১১.০০ টা
সভার স্থান : বিএমইটি'র সম্মেলন কক্ষ

উপস্থিতির তালিকা : পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভা শুরু করেন। প্রারম্ভিক বক্তব্যে সকলকে নিষ্ঠা, সততা ও দক্ষতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের আহবানসহ বিএমইটি'র সকল কর্মকর্তাকে দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে পালনের আহবান জানান।

০২। বিগত অক্টোবর/২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হলে বহির্গমন এবং কর্মসংস্থান শাখার নিম্নরূপ সংশোধনীগুলো সর্বসম্মতিক্রমে পাশ হয়।

অনুচ্ছেদ	শাখা	সিদ্ধান্ত	সংশোধিত সিদ্ধান্ত
২.১	বহির্গমন শাখার কার্যক্রমঃ	বহির্গমন শাখার ছাড়পত্র প্রদানের বিষয়টি এ মাসের মধ্যে অনলাইন করার সিদ্ধান্ত হয়। স্মার্ট কার্ডকে স্মার্ট সার্টিফিকেটে রূপান্তর করতে হবে। ৩ জন পরিচালক (উপসচিব) ৫০ জন করে মোট ১৫০ জনকে অনলাইন সার্টিফিকেট প্রদানের বিষয়ে উদ্যোগ গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত হয়। বহির্গমন ছাড়পত্র প্রদানের ফি ব্যাংক এর মাধ্যমে ১০০% লেনদেন বাস্তবায়নের সাথে সাথে অনলাইন কার্যক্রম বাড়ানোর সিদ্ধান্ত হয়।	বহির্গমন শাখার ছাড়পত্র প্রদানের বিষয়টি এ মাসের মধ্যে অনলাইন করার সিদ্ধান্ত হয়। স্মার্ট কার্ডকে স্মার্ট সার্টিফিকেটে রূপান্তর করতে হবে। ৩ জন পরিচালক (উপসচিব) ৫০ জন করে মোট ১৫০ জনকে অনলাইনে প্রশিক্ষণ প্রদানের বিষয়ে উদ্যোগ গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত হয়। বহির্গমন ছাড়পত্র প্রদানের ফি ব্যাংক এর মাধ্যমে ১০০% লেনদেন বাস্তবায়নের সাথে সাথে অনলাইন কার্যক্রম বাড়ানোর সিদ্ধান্ত হয়।
৩.১	কর্মসংস্থান শাখার কার্যক্রমঃ	রিক্রুটিং এজেন্সির লাইসেন্স কাগজের বহি এর সাথে প্লাস্টিকের আইডি কার্ড প্রদানের সিদ্ধান্ত হয়। আইডি কার্ডে QR কোড থাকবে। RAIMS এর সাথে রিক্রুটিং এজেন্সির লাইসেন্স এর মিল থাকবে। কার্ডের নাম্বার দিয়ে ওয়েব সাইট হতে সকল তথ্য দেখার ব্যবস্থা থাকবে।	রিক্রুটিং এজেন্সির লাইসেন্স কাগজের বহি এর সাথে ডিজিটাল আইডি কার্ড প্রদানের সিদ্ধান্ত হয়। আইডি কার্ডে QR কোড থাকবে। RAIMS এর সাথে রিক্রুটিং এজেন্সির লাইসেন্স Synchronize হবে। কার্ডের নাম্বার দিয়ে ওয়েব সাইট হতে সকল তথ্য দেখার ব্যবস্থা থাকবে।

০৩। অতঃপর নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা অনুষ্ঠিত হয়। বিস্তারিত আলোচনাতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

০১। প্রশাসন ও অর্থ শাখার কার্যক্রমঃ

১.১ সমন্বয় সভা সংক্রান্তঃ

সমন্বয় সভায় প্রত্যেক শাখায় নিজেদের মধ্যে সভা করার বিষয়ে আলোচকগণ আলোচনা করেন। উক্ত সভায় শাখা ভিত্তিক কার্যাবলী, সমস্যা, অগ্রগতি এবং পরবর্তী পরিকল্পনার বিষয়ে আলোচনা করার উপর জোর দেওয়ার কথা বলেন।

সিদ্ধান্ত-১.১: প্রত্যেক শাখা আলাদা সভা করে ৬/৭ টি ইস্যু নিয়ে মূল/গুরুত্বপূর্ণ ইস্যুগুলো শাখা ভিত্তিক সমন্বয় সভা করে এজেন্ডা নির্ধারণ করে প্রশাসন শাখায় প্রেরণ করার বিষয়ে সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: পরিচালক (সকল), প্রকল্প পরিচালক (সকল)।

১.২ APA/NIS লক্ষ্যমাত্রা অর্জন সংক্রান্তঃ

সভায় ফোকাল পয়েন্ট কর্মকর্তা (APA/NIS) ও উপপরিচালক (প্রশাসন ও অর্থ) অবহিত করেন যে, ২০২২-২৩ APA/NIS এর কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা বাস্তবায়নের নিমিত্ত সূচক সংশ্লিষ্ট শাখাসমূহ বিভাজন করে প্রেরণ করা হয়েছে।

সিদ্ধান্ত-১.১: ২০২২-২৩ APA/NIS এর কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অনুযায়ী APA/NIS এর কর্মসম্পাদন সূচক অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনে কার্যকর ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: পরিচালক (সকল), প্রকল্প পরিচালক (সকল), ফোকাল পয়েন্ট কর্মকর্তা (APA/NIS)।

১.৩ নিয়োগবিধি সংক্রান্তঃ

সভায় পরিচালক (প্রশাসন ও অর্থ) অবহিত করেন যে, নিয়োগবিধি চূড়ান্তকরণ বিষয়ে উপপরিচালক (প্রশাসন ও অর্থ) বলেন নিয়োগ বিধি জনপ্রশাসন মন্ত্রণালয়ে চূড়ান্ত পর্যায়ে আছে।

আইটি শাখা:

১.৪ বিএমইটি'র সার্ভার সংক্রান্ত :

সভায় উপপরিচালক (প্রশাসন ও অর্থ) অবহিত করেন যে, STEP এর সহায়তায় Leads Corporation কর্তৃক Human Resources Development Software মডিউল Enhancement অনুযায়ী কর্মকর্তা/কর্মচারী PDS এর আওতায় ইতোমধ্যে PDS এ ডাটা এন্ট্রি শেষ হয়েছে।

সিস্টেম এনালিস্ট জানান PDS এ ডাটা সংরক্ষণে সার্ভারে সমস্যাগুলো চিহ্নিতকরণের কার্যক্রম চলমান আছে।

সিদ্ধান্ত -১.৪: পরিচালক (প্রশাসন ও অর্থ) এর সাথে একটি সভা করে সিস্টেম এনালিস্ট বিএমইটি'র সার্ভার সংক্রান্ত সমস্যাগুলো চিহ্নিত এবং কিভাবে সমাধান হবে সে বিষয়ে জানাবেন।

বাস্তবায়নে: পরিচালক প্রশাসন ও অর্থ) এবং আইটি শাখা, বিএমইটি।

১.৫ বিএমইটি'র সমন্বয় সভায় সকলের অংশগ্রহণ সংক্রান্ত :

সভায় জানানো হয় বিএমইটি'র সভা/সেমিনারে শতভাগ উপস্থিতি নিশ্চিতকরণ অনলাইনে সভায় যুক্ত থাকার জন্য জুম লিংক এর ব্যবস্থা চালু করা হয়েছে।

সিদ্ধান্ত- ১.৫: বিএমইটি'র পরবর্তী মাসিক সমন্বয় সভায় অধীনস্থ অফিস প্রধানগণ অনলাইনে সংযুক্ত থাকবেন মর্মে সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন ও অর্থ), উপপরিচালক (সাধারণ সেবা) এবং সিস্টেম এনালিস্ট।

সাধারণ সেবা :

১.৬ মূল ভবনের উপরে ফ্লোর নির্মাণ সংক্রান্ত :

সভায় উপপরিচালক (সাধারণ সেবা) বলেন রাজস্ব বাজেটের উদ্বৃত্ত অর্থ দিয়ে স্থাপনা নির্মাণ করা সম্ভব হবেনা। তিনি বলেন উদ্বৃত্ত অর্থ দিয়ে যে কোন ফ্লোর/ওয়াশরুমসমূহ আধুনিকায়ন করা যেতে পারে।

সিদ্ধান্ত- ১.৬.১: **৪র্থ তলা আধুনিকায়ন সংক্রান্ত-** যে সমস্ত ফান্ডে অর্থ জমা আছে সে সকল অর্থ দিয়ে বিএমইটি'র মূল ভবনের ৪র্থ তলা ৬ষ্ঠ তলার মডেল অনুযায়ী আধুনিকায়ন করার সিদ্ধান্ত হয়। দ্রুত টেন্ডার আহ্বান করার সিদ্ধান্ত হয়। এর ব্যয়ের বিষয়ে কল্যাণ বোর্ডকে পত্র দেওয়ার সিদ্ধান্ত হয়।

সিদ্ধান্ত- ১.৬.২: **সার্ভার রুম আধুনিকায়ন সংক্রান্ত-** বিএমইটি সার্ভারের মেইনটেন্যান্স এবং আধুনিকায়নের জন্য বাজেট চাহিয়া ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডকে পত্র দেওয়ার সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন ও অর্থ) ও উপপরিচালক (সাধারণ সেবা)।

সিদ্ধান্ত - ১.৬.৩: **হাউস রেন্ট সংক্রান্ত-** সরকারী ক্যাম্পাসে একক/পরিবারসহ যেভাবেই থাকুক ফুল হাউস রেন্ট কাটা যাবে। কোনো উপ ভাড়াটিয়া থাকা চলবেনা। উপভাড়াটিয়া থাকলে বাতিল হবে। এসংক্রান্ত বিষয়ে বিএমইটি'র সাধারণ সেবা শাখা হতে পত্র প্রেরণের সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: উপপরিচালক (সাধারণ সেবা)।

০২। বহির্গমন শাখার কার্যক্রমঃ

পরিচালক (বহির্গমন) সমন্বয় সভায় বহির্গমন শাখায় উন্নয়নের জন্য একটি প্রস্তাব তৈরি করে কল্যাণ বোর্ডকে দেওয়ার বিষয়ে অনুরোধ করেন। তিনি আরও জানান যে, ৯০ টির মতো এজেন্সির সমন্বয়ে একটি প্রশিক্ষণ হয়েছে। তিনি বলেন বহির্গমন ছাড়পত্রের পূর্বে প্রত্যেক অভিযাত্রী কর্মীর একটি ব্যাংক হিসাব থাকা আবশ্যিক। পরিচালক (প্রশাসন ও অর্থ) জানান বহির্গমন শাখার স্মার্ট কার্ড বিতরণ নীচ তলা হতে ব্যবস্থা করলে ৪র্থ তলায় জনসমাগম কম হতো এবং স্মার্ট কার্ড মুদ্রণ নিরাপদ আরো দৃঢ় হতো।

সিদ্ধান্ত- ২.১: সেবা প্রার্থীদের ভীড় কমানোর কার্যকরী ব্যবস্থা হিসেবে অনলাইন ক্লিয়ারেন্স এর উপর জোর দেওয়ার সিদ্ধান্ত হয়। বহিরাগত/রিক্রুটিং এজেন্সির প্রতিনিধিগণ দৃশ্যমান আইডি কার্ড প্রদর্শনরত অবস্থায় বহির্গমন শাখায় প্রবেশ করবেন। বিএমইটি প্রতিনিধি কার্ডের মেয়াদ না থাকলে রিক্রুটিং এজেন্সির মালিকের প্রতিনিধিপত্র রাখার সিদ্ধান্ত হয়। প্রতি সপ্তাহের অগ্রগতির তথ্য প্রদানের নির্দেশনা প্রদান করা হয়। স্মার্ট কার্ডগুলো পরের দিন সকাল ১০.০০ টা হতে ০১.০০ টা পর্যন্ত বিতরণের সিদ্ধান্ত হয়। স্মার্ট কার্ড বিতরণের বিষয়ে পরিচালক (বহির্গমন) সিদ্ধান্ত নিবেন। বহির্গমন শাখার কার্যাবলী সম্পর্কিত বিষয়ে একটি সভা করে কার্যবিবরণী তৈরি করে জানাবেন।

বাস্তবায়নে: পরিচালক (বহির্গমন) এবং সিস্টেম এনালিস্ট।

০৩। কর্মসংস্থান শাখার কার্যক্রমঃ

রিক্রুটিং এজেন্সির লাইসেন্স বহি সংক্রান্ত :

সভায় পরিচালক (কর্মসংস্থান) জানান যে, রিক্রুটিং এজেন্সির লাইসেন্স বুক ডিজিটাল করার বিষয়ে পূর্ব সিদ্ধান্ত রয়েছে। এ প্রেক্ষিতে সেবা শাখা হতে সভা করা হয়েছে। ড্রাফট ডিজাইন সভায় প্রদর্শন করা হয়েছে। সভায় সকলের মতামতের প্রেক্ষিতে কার্ডে কনটেন্ট সংশোধন করে একটি ড্রাফট দিয়েছেন। ড্রাফট অনুমোদনের পর ডিজিটাল মুদ্রণ প্রক্রিয়া সাধারণ সেবা শাখা হতে সম্পাদন করা হবে। আইটি শাখা ডিজিটাল আইডি কার্ডকে সার্ভার ও RAIMS এর সাথে লিংক করার কাজ সম্পাদন করবে। RAIMS এর ফোকাল পয়েন্ট এবং আইটি শাখা সিনক্রোনাইজের কাজটি সমন্বয় করে সম্পাদন করবেন। নথি সংরক্ষণের ব্যবস্থা শক্তিশালী করণের জন্য কর্মসংস্থান শাখায় জনবল পদায়নের কথা বলেন।

সিদ্ধান্ত - ৩.১: রিক্রুটিং এজেন্সির লাইসেন্স কাগজের বহি, কার্ড না থাকলে A-4 সাইজের কাগজে লাইসেন্স পাবে। কভার পেজে রিক্রুটিং এজেন্সির সকল তথ্য থাকবে। যার লাইসেন্স তিনিই ফোল্ডার তৈরি করে দিবেন। নথি সংরক্ষণের ব্যবস্থা শক্তিশালী করতে হবে। নথি নিষ্পত্তি/ আবেদনপত্র গ্রহণের বিষয়ে সময় নির্ধারণ এর বিষয়ে সুস্পষ্ট গাইড লাইন করার সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: পরিচালক (কর্মসংস্থান) এবং পরিচালক (প্রশাসন ও অর্থ)।

০৪। গবেষণা সেল এর কার্যক্রমঃ

বিএমইটি'র "সুবর্ণ সাফল্য" History বই প্রকাশ সংক্রান্ত:

সভায় উর্ধ্বতন পরিসংখ্যান কর্মকর্তা জনাব মোঃ মাসুদ রানা বলেন "সুবর্ণ সাফল্য" বই প্রণয়নের উদ্দেশ্যে বিএমইটি'র সংশ্লিষ্ট শাখায় পত্র প্রেরণ

সিদ্ধান্ত - ৪.১: টিটিসি'র ইতিহাস, ভূমি সংক্রান্ত, নব উদ্বোধিত টিটিসিগুলোর ছবি এবং বিএমইটি'র মহাপরিচালক গণের তথ্য ও সাফল্যগুলো নিয়ে ১০/১২ পাতার "সুবর্ণ সাফল্য" বইটি'র খসড়া প্রস্তুত করে উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত - ৪.২: **টিটিসিতে যুগোপযোগী কোর্স নির্ধারণ সংক্রান্ত**- টিটিসি'র যুগোপযোগী কোর্সগুলো নিয়ে পরিচালক (প্রশাসন ও অর্থ) কে আহবায়ক, জনাব মোঃ মাসুদ রানা উর্ফতান পরিসংখ্যান কর্মকর্তাকে সচিব এবং (১) সদস্য জনাব দেওয়ান মোঃ নজমুল হক, উপপরিচালক (প্রশিক্ষণ), (২) জনাব জোহরা মনছুর উপপরিচালক (কর্মসংস্থান), (৩) জনাব মোঃ রেজওয়ানুল হক চৌধুরী, উপপরিচালক (প্রশাসন ও অর্থ) কে সদস্য করে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত হয়। কমিটি ৪/৫ টি বুকলেট বানাবেন।

সিদ্ধান্ত - ৪.৩: **DPP অনুযায়ী টিটিসি'র জনবল এবং ড্রেড সংক্রান্ত**- প্রত্যেক টিটিসিতে ডিপিপি অনুযায়ী কি হওয়ার কথা ছিলো এবং বর্তমানে কি অবস্থায় আছে সেসকল তত্ত্ব উপস্থাপনের সিদ্ধান্ত হয়। বিএমইটি'র গবেষণা সেল প্রতিবেদন তৈরি করবেন।

বাস্তবায়নে: গবেষণা সেল, বিএমইটি।

০৫। প্রশিক্ষণ শাখার কার্যক্রমঃ

NTVQF/RPL প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত :

সভায় পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) জানান গত ০১/১১/২০২২ খ্রি: তারিখে অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে প্রশিক্ষণ শাখায় একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় NTVQF এর আওতায় সর্বনিম্ন লেভেল হতে পরবর্তী দুটি লেভেলে প্রশিক্ষণ ৬ মাস মেয়াদে করার বিষয়ে প্রস্তাব গ্রহণ করা হয়। তিনি জানান টিটিসি/আইএমটি হতে প্রশিক্ষণ প্রাপ্তদের বিদেশে কর্মী হিসেবে প্রেরণের বিষয়ে রিক্রুটিং এজেন্সির সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার নির্দেশনা প্রদান করে স্মারক নং-৩৮৯; তারিখ: ৩১/১০/২০২২ খ্রি: মোতাবেক অধ্যক্ষদের পত্র প্রেরণ করা হয়েছে। তিনি আরও জানান গত ২৭/০৯/২০২২ খ্রি: তারিখে বিএমইটি ও TAKAMOL এর মধ্যে Skills Verification Program (SVP) এর আওতায় একটি চুক্তি স্বাক্ষরিত হয়। স্বাক্ষরিত চুক্তি মোতাবেক আগামী জানুয়ারী/২০২২ খ্রি: হতে ০৩ মাস মেয়াদী প্রশিক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম শুরু করা হবে। এজন্য ঢাকাস্থ বিকেটিসি ও বিজিটিসিকে যথাযথ প্রস্তুত করা হচ্ছে। সভায় টিটিসিগুলোতে সার্ভে করার বিষয়ে আলোচকণ বলেন।

সিদ্ধান্ত - ৫.১.১: **টিটিসি সার্ভে সংক্রান্ত**- টিটিসিগুলোর (১) জনবল এবং ড্রেড সংক্রান্ত (২) যন্ত্রপাতি সংক্রান্ত (৩) ভূমি সংক্রান্ত বিষয়ে সার্ভে করার বিষয়ে সিদ্ধান্ত হয়।

সিদ্ধান্ত - ৫.১.২: **BTEB এর অনুমোদিত কোর্স পরিচালনা সংক্রান্ত**- টিটিসিতে যারা ভর্তি হবে তারা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (BTEB) এর সার্টিফিকেট পাবে সে ব্যবস্থা গ্রহণ করতে হবে। নব উদ্বোধিত টিটিসিগুলোতে কম্পিউটার প্রশিক্ষণ কোর্স চালুর বিষয়ে বিটিইবি পরিচালিত কোর্স চালানোর বিষয়ে নথি উপস্থাপন করার সিদ্ধান্ত হয়।

সিদ্ধান্ত - ৫.১.৩: **অবৈধ স্থাপনা সংক্রান্ত**-সকল টিটিসিতে সরকারী সম্পত্তিতে অবৈধ স্থাপনা করে কিভাবে বসবাস/অন্যান্য কার্যক্রম পরিচালিত হচ্ছে তার ব্যাখ্যা নেওয়ার সিদ্ধান্ত হয়।

সিদ্ধান্ত - ৫.১.৩: **ছাত্র ভর্তি এবং কর্মসংস্থান সংক্রান্ত** - টিটিসিতে ছাত্র ভর্তি, চাকুরী এবং কর্মসংস্থানের বিষয়ে পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) এবং পরিচালক (প্রশিক্ষণ মান ও পরিকল্পনা) তত্ত্বাবধান করবেন এবং কর্মসংস্থান এর বিষয়ে সংশ্লিষ্ট অধ্যক্ষগণ দায়ী থাকবেন।

বাস্তবায়নে: পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা), পরিচালক (প্রশিক্ষণ মান ও পরিকল্পনা) এবং পরিচালক (প্রশাসন ও অর্থ)।

৫.২ PDO কোর্স পরিচালনা সংক্রান্তঃ

সভায় পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) জানান যে, নব উদ্বোধিত টিটিসিগুলোতে PDO কোর্স আগামী সপ্তাহ হতে চালু হবে।

সিদ্ধান্ত - ৫.২: টিটিসিগুলো কোর্স পরিচালনার জন্য PDO কোর্স হতে আর্থিক সাপোর্ট হিসেবে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা করে প্রত্যেক নব উদ্বোধিত টিটিসিকে প্রদানের বিষয়ে সিদ্ধান্ত হয়। নব উদ্বোধিত টিটিসিগুলোতে PDO কোর্স এর উদ্বোধন ক্লাসে স্থানীয় জনপ্রতিনিধিদেরকে সম্পৃক্ত করার বিষয়ে সিদ্ধান্ত হয়। ২৫ টি টিটিসি'র PDO খাতে বাজেট সংকুলান ফান্ড করতে হবে।

বাস্তবায়নে: পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা), পরিচালক (প্রশিক্ষণ মান ও পরিকল্পনা) এবং পরিচালক (প্রশাসন ও অর্থ)।

০৬। প্রশিক্ষণ মান ও পরিকল্পনা শাখার কার্যক্রমঃ

ড্রেড বিহীন শিক্ষক সমন্বয় সংক্রান্ত :

সমন্বয় সভায় পরিচালক (প্রশিক্ষণ মান ও পরিকল্পনা) বলেন মহাপরিচালক মহোদয়ের নির্দেশে একটি ইউও নোট দিয়ে ব্যবস্থা গ্রহণের জন্য তালিকা সহ প্রশাসন শাখায় প্রেরণ করা হয়েছে।

সিদ্ধান্ত - ৬.১: শিক্ষকদের সমন্বয় এর বিষয়ে সুনির্দিষ্ট প্রস্তাব দেওয়ার সিদ্ধান্ত হয়। এ বিষয়ে অতিরিক্ত মহাপরিচালক (প্রশিক্ষণ) একটি ছক করে দিবেন। প্রথমে ১০ টি টিটিসি সার্ভে করে যেখানে পদায়ন করা যায়, তার তালিকাসহ সুস্পষ্ট প্রস্তাব দিবেন পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) এবং পরিচালক (প্রশিক্ষণ মান ও পরিকল্পনা)। পরবর্তীতে প্রশাসন শাখা হতে পত্র দেওয়ার সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা), পরিচালক (প্রশিক্ষণ মান ও পরিকল্পনা) এবং পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএমইটি।

০৭। '৪০টি উপজেলায় ৪০টি টিটিসি ও চট্টগ্রামে ০১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন' শীর্ষক প্রকল্প :

প্রকল্প পরিচালক (৪০টি টিটিসি শীর্ষক প্রকল্প) সভায় জানান '৪০টি উপজেলায় ৪০টি টিটিসি ও চট্টগ্রামে ০১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন' শীর্ষক প্রকল্পের ২৪টি টিটিসি গত ২৮/০৭/২০২২ খ্রিঃ তারিখে ওসমানী স্মৃতি মিলনাতয়নে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধন করা হয়েছে। এজন্য তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি জানান মাননীয় প্রধান মন্ত্রী কর্তৃক ২৪টি টিটিসি এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক ১টি টিটিসিসহ মোট ২৫টি টিটিসি সফলভাবে উদ্বোধন হওয়ায় প্রকল্প সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ লেটার মহাপরিচালক মহোদয় কর্তৃক প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত - ০৭.১: '৪০টি উপজেলায় ৪০টি টিটিসি ও চট্টগ্রামে ০১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন' শীর্ষক প্রকল্পের অবশিষ্ট ১৫টি টিটিসি'র বিষয়ে অগ্রগতি প্রতিবেদন মহাপরিচালক মহোদয়ের নিকট জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। নতুন উদ্বোধিত ২৫ টি টিটিসির বিদ্যৎ

০৮। 'দেশ বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান শীর্ষক প্রকল্প'

প্রকল্প পরিচালক (দেশ বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান শীর্ষক প্রকল্প) সভায় 'দেশ বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান শীর্ষক প্রকল্প'র জানান প্রকল্প দপ্তর থেকে প্রশিক্ষণ কার্যক্রম নিয়োজিতভাবে নিয়মিত তদারকি করা হচ্ছে। প্রশিক্ষণ চলমান সকল কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র থেকে নির্দিষ্ট ছকে প্রশিক্ষণার্থীদের ভর্তি, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের মূল্যায়ন, বিআরটিএর পরীক্ষায় পাশ, ডেলিভারি স্লিপ প্রাপ্তি, লাইসেন্সের স্মার্ট কার্ড প্রাপ্তি, বরাদ্দকৃত অর্থের ব্যয় সংক্রান্ত তথ্য সংগ্রহ করে তা প্রকল্প দপ্তরে নথিতে সংরক্ষণ করা হচ্ছে। প্রতিটি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের ভর্তিকৃত প্রশিক্ষণার্থীদের হোয়াটস গ্রুপ খোলা হয়েছে। এছাড়াও, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ, ড্রাইভিং ইন্সট্রাক্টর (তাত্ত্বিক), ড্রাইভিং ইন্সট্রাক্টর (ব্যবহারিক) এবং স্কীল্ড ওয়ার্কারদের আলাদা আলাদা হোয়াটস গ্রুপ রয়েছে। প্রকল্প পরিচালক, উপ-প্রকল্প পরিচালক এবং প্রকল্প দপ্তরের একজন স্টাফ এ সকল গ্রুপে যুক্ত রয়েছেন প্রশিক্ষণার্থীদের যে কোন অভিযোগ এবং মাঠ পর্যায়ে যে কোন উদ্ভূত সমস্যা তাৎক্ষণিকভাবে সমাধান ছাড়াও এ সকল গ্রুপের মাধ্যমে প্রশিক্ষণ সংক্রান্ত বিভিন্ন তথ্য সংগ্রহ চলমান রয়েছে। ইতোমধ্যে সিলেট টিটিসি, সিলেট মহিলা টিটিসি, মৌলভীবাজার টিটিসি, ময়মনসিংহ টিটিসি, শেরপুর টিটিসি, বিকেটিসি চট্টগ্রাম, চট্টগ্রাম মহিলা টিটিসি, বান্দরবান টিটিসি, ব্রাহ্মণবাড়িয়া টিটিসি, রাজবাড়ী টিটিসি, ফরিদপুর টিটিসি, খুলনা টিটিসি, খুলনা মহিলা টিটিসি, গোপালগঞ্জ টিটিসি এবং পিরোজপুর টিটিসি সরেজমিনে পরিদর্শন সম্পন্ন হয়েছে।

১৩/১১/২০২২ খ্রিঃ পর্যন্তঃ

- প্রশিক্ষণার্থী ভর্তি মোট ১৭২৫৬ জন।
- বিআরটিএ পরীক্ষায় উত্তীর্ণ মোট ৭২৫৫ জন।
- লাইসেন্সের এর ডেলিভারি স্লিপ প্রাপ্ত হয়েছে মোট ৩৯৮৭ জন।

সিদ্ধান্ত - ৮.১: 'দেশ বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান শীর্ষক প্রকল্প'র অধীনে প্রশিক্ষণার্থী মূল্যায়ন শতকরায় পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত হয়। প্রকল্প পরিচালক নিজেই প্রকল্পটির অগ্রগতি প্রতিবেদন প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: প্রকল্প পরিচালক (দেশ বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান শীর্ষক প্রকল্প)

০৯। প্রকল্পসমূহের কার্যক্রমঃ

৯.১ 'উপজেলা পর্যায়ে ১০০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন' শীর্ষক প্রকল্পঃ

সভায় পরিচালক (প্রশিক্ষণ মান ও পরিকল্পনা) জানান যে, 'উপজেলা পর্যায়ে ১০০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন' শীর্ষক প্রকল্পটির ১০০টি টিটিসির মধ্যে ৫০টি টিটিসির নাম মন্ত্রণালয় থেকে দেওয়া হয়েছে।

সিদ্ধান্ত - ৯.১: ৫০ টি টিটিসি'র ডিপিপি তৈরি করে পাঠানোর নির্দেশনা দেওয়া হয়।

বাস্তবায়নে: পরিচালক (প্রশিক্ষণ মান ও পরিকল্পনা) ও উপপরিচালক (প্রশিক্ষণ) জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন

৯.২ 'SEIP ও KOICA' এর অর্থায়নে ৩টি টিটিসি'র আধুনিকায়ন শীর্ষক কার্যক্রম:

সভায় 'SEIP ও KOICA' এর অর্থায়নে বাংলাদেশ-জার্মানি, খুলনা ও সিলেট কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের আধুনিকায়নের কাজ চলমান রয়েছে। SEIP এর অর্থায়নে ৩টি টিটিসি'র অবকাঠামোগত উন্নয়ন, যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয় সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে। বর্ণিত কার্যক্রম SEIP এর মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। SEIP ৩টি টিটিসি'র পূর্ত কাজ ৩টি ঠিকাদারী প্রতিষ্ঠান নিয়োগের মাধ্যমে বাস্তবায়ন করছে। বর্ণিত পূর্ত কাজসমূহের গুণগতমান নিশ্চিতকরণের লক্ষ্যে SEIP, Dousung-Bets প্রতিষ্ঠান নিয়োগ করেছে। উক্ত প্রতিষ্ঠান চলমান পূর্ত কাজসমূহ মনিটরিং ও তদারকি করছেন। ইতোমধ্যে ১২ জনের দক্ষিণ কোরিয়ায় Leadership Training Program KPC কর্তৃক সম্পন্ন করা হয়েছে। অপরদিকে KOICA এর অর্থায়নে বর্ণিত ৩টি টিটিসি'র KPC এর মাধ্যমে CS, CBC, CBLM ও Assessment Tools প্রস্তুতকরণের কাজ চলমান রয়েছে। প্রশিক্ষকদের মানোন্নয়নের জন্য দেশে-বিদেশে প্রশিক্ষণ প্রদান করা হবে।

সিদ্ধান্ত - ৯.২: প্রকল্পটির অধীনে কোন টিটিসিতে কি পর্যায়ের অগ্রগতি হয়েছে তার তথ্য পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপনের সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: উপপরিচালক (প্রশিক্ষণ) জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন।

১০। বিকেটিসি'র কার্যক্রম:

বাসা ভাড়া সংক্রান্ত:

সমন্বয় সভায় বিকেটিসি'র অধ্যক্ষ বলেন পুরাতন ভাড়া হোস্টেলের বরাদ্দ বাতিল করা হলেও বাসা কেউ ছাড়ছে না। টিটিসি ক্যাম্পাসে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বিএমইটি, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, বিকেটিসি, শেফসু মহিলা টিটিসিতে কর্মরত অনেকে টিটিসি'র অভ্যন্তরে টিটিসি'র স্থাপনায় এবং নিজেরা ঘর তৈরি করে দীর্ঘ দিন যাবত বসবাস করে আসতেছেন। উক্ত বাসাগুলোর ৫% বাসা ভাড়া কর্তৃন এর বিষয়ে অডিট আপত্তি হয়েছে। তিনি এ বিষয়ে নির্দেশনার জন্য বলেন।

সিদ্ধান্ত-১০.১: টিটিসি'র অভ্যন্তরে বসবাস করলে ১০০% বাসা ভাড়া কর্তৃনের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয়। ৫% রেটে বাসা ভাড়া কর্তৃনকারী সকল এলটিদের ১০০% ভাড়া কর্তৃনের বিষয়ে পত্র দেওয়ার সিদ্ধান্ত হয়। ১০০% বাসা ভাড়া কর্তৃন না করলে এ মাস হতে বেতন বন্ধ রাখার সিদ্ধান্ত হয়। টিটিসি'র আবাসিক এলাকায় কোন উপভাড়াটিয়া না রাখার সিদ্ধান্ত হয়। বাসা ভাড়া কর্তৃনের বিষয়ে বিএমইটি'র সাধারণ সেবা শাখা হতে নথি উপস্থাপনের সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: উপপরিচালক (সাধারণ সেবা), অধ্যক্ষ বিকেটিসি, ঢাকা।

১১। কেরাণীগঞ্জ টিটিসি'র কার্যক্রম:

সভায় কেরাণীগঞ্জ টিটিসি'র অধ্যক্ষ বলেন, টিটিসি'র প্রতিটি ট্রেডে কোর্সগুলো পরিচালনা করার জন্য ২জন করে প্রশিক্ষক প্রয়োজন। তিনি ওয়েল্ডিং ট্রেডে প্রশিক্ষক পদায়নের বিষয়ে বলেন।

সিদ্ধান্ত -১১.১: কেরাণীগঞ্জ টিটিসি শ্রম মন্ত্রণালয় হতে কিভাবে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থালয়ের অধীনে নেয়া যায় সে বিষয়ে সকল তথ্য মহাপরিচালক মহোদয়ের নিকট উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন ও অর্থ), পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) এবং উপপরিচালক (কর্মসংস্থান), অধ্যক্ষ, কেরাণীগঞ্জ টিটিসি।


১২। ডিইএমও, ঢাকা'র কার্যক্রম:

ঢাকা ডিইএমও এর সহকারী পরিচালক সভায় জানান, PDO কোর্সের সার্টিফিকেট এবং রেজিস্ট্রেশনে ভুল হলে ভুলগুলো সংশোধন DEMO গুলোতে করা যায় না। তিনি DEMO তে ভুলগুলো সংশোধনের জন্য প্রয়োজনীয়তা তুলে ধরেন।

সিদ্ধান্ত -১২.১: সার্টিফিকেট এবং রেজিস্ট্রেশনে ভুল সংশোধনের ক্ষমতা সহকারী পরিচালক পর্যায়ে থাকবে। এ বিষয়ে একটি সুনির্দিষ্ট প্রস্তাব প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে: পরিচালক (বহির্গমন) এবং সহকারী পরিচালক, ডিইএমও, ঢাকা।

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের অনুরোধ ও উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ শহীদুল আলম এনডিসি)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ৪৯৩৪৯৯২৫ (অফিস)

Email-dg@bmet.gov.bd.

স্মারক নম্বর: ৪৯.০১.০০০০.০০২.০৬.০০২.২২. ২৯৬০

তারিখ: ২৯ . ১১ . ২০২২ খ্রিঃ।

অনুলিপিঃ (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

১. অতিরিক্ত মহাপরিচালক (প্রশিক্ষণ/কর্মসংস্থান), বিএমইটি, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন ও অর্থ/কর্মসংস্থান/বহির্গমন/প্রশিক্ষণ পরিচালনা/প্রশিক্ষণ মান ও পরিকল্পনা) বিএমইটি, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক (সকল) বিএমইটি, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. অধ্যক্ষ, আইএমটি/ বিআইএমটি/ টিটিসি (সকল)।
৬. উর্ধ্বতন পরিসংখ্যান কর্মকর্তা (সকল), বিএমইটি, ঢাকা।
৭. উপপরিচালক (সকল), বিএমইটি, ঢাকা।
৮. সিস্টেম এনালিস্ট, বিএমইটি, ঢাকা।
৯. সহকারী পরিচালক (সকল), বিএমইটি, ঢাকা।
১০. পরিসংখ্যান কর্মকর্তা (সকল), বিএমইটি, ঢাকা।
১১. সহকারী পরিচালক, বিভাগীয়/জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস/শিক্ষানবিসি প্রশিক্ষণ দপ্তর, ঢাকা।
১২. সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ ডেস্ক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
১৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪. মাস্টার নথি/২০২২।